

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
www.sadarsunamganj.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০৮৯.০০০.২২.০২০.২২.২১৯২

তারিখ : ২৭ নভেম্বর, ২০২২ খ্রি।


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর উপজেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন হাওর রক্ষা বাঁধের ভাঙ্গন বন্ধকরণ/মেরামত করার নিমিত্ত পিআইসি (PIC) গঠনের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীগণকে ফরম পূরণক্রমে আগামী ০৪/১২/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ত্রুটিপূর্ণ/অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ের পর আবেদন গ্রহণ করা হবে না।

শর্তসমূহ :

“সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭” অনুযায়ী পিআইসির সভাপতি, সদস্য সচিব ও সদস্যদের সংশ্লিষ্ট হাওরে জমির মালিকানার স্বপক্ষে প্রমাণক হিসেবে নিম্নবর্ণিত কাগজাদি আবেদনের সাথে দাখিল করতে হবে;

০১. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক হাওরের সুবিধাভোগী ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দার সনদ।
০২. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
০৩. সংশ্লিষ্ট মৌজা ম্যাপের ফটোকপি।
০৪. জমির খতিয়ান (পর্চা) এর ফটোকপি।
০৫. পিআইসির সভাপতি/সেক্রেটারীসহ সকল সদস্যদের ০১ কপি করে ছবি।
০৬. প্রকৃত কৃষক হিসেবে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন।


২৭.১১.২২

সালমা পারভীন

উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি

কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং কমিটি
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

স্মারক নং : ০৫.৪৬.৯০৮৯.০০০.২২.০২০.২২.২১৯২(৫০)


তারিখ : ২৭ নভেম্বর, ২০২২ খ্রি।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০২. নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

অনুলিপি : কার্যার্থে ও বহল প্রচারের জন্য

০৪. উপজেলা কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল) ও সদস্য, কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং কমিটি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৫. জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী, উপ-সহকারী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ ও সদস্য সচিব, কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং কমিটি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ আবেদনকারীদের আবেদন করার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
০৬. চেয়ারম্যান ইউপি (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে এবং ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৭. ইউপি সচিব ইউপি (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৮. জনাব মনোনীত সদস্য, কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং কমিটি, সুনামগঞ্জ সদর।
০৯. অফিস কপি/নোটিশ বোর্ড।


২৭.১১.২২

সালমা পারভীন

উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

Email-unosunamganj@mopa.gov.bd

প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠনের ছক

ইউনিয়ন পরিষদের নাম :
 স্কীমের নাম (চেইনেজ সহ) :
 উপজেলার নাম :
 মোট বরাদ্দের পরিমাণ :
 প্রকল্প বাস্তবায়ন কমিটি নং :
 অনুমোদিত অর্থের পরিমাণ :

প্রকল্প ক্রমিক নং	ইউনিয়নের নাম	সদস্যদের নাম ও ঠিকানা	পেশা	পিআইসিএর পদের নাম চেয়ারপারসন/সদস্য	বরাদ্দের পরিমাণ (টাকা)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

অনুমোদন :

উপজেলা কমিটির সদস্য সচিব
 শাখা কর্মকর্তার স্বাক্ষর
 দাপ্তরিক সীল

উপজেলা কমিটির সভাপতির স্বাক্ষর
 দাপ্তরিক সীল